# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd **E-mail:** info@bmeb.gov.bd **Fax:** 58616681, 58617908, 9615576


মুজিব শতবর্ষ MUJIB 100

নং-বামাশিবো/প্রশা/ ৩৮ /পটুয়াখালী-৫৫ তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪২৮ / ১৬ নভেম্বর ২০২১

বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

সূত্র : কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২০.১৪৫ তারিখ: ০৫.১০.২০২১ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন দক্ষিণ কেওয়াবুনিয়া দাখিল মাদ্রাসার সুপারের বিরুদ্ধে অনৈতিক কর্মকান্ড, দুর্নীতি ও ম্যানেজিং কমিটি গঠনে অনিয়মের বিষয় উল্লেখ পূর্বক কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সূত্রোক্ত স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ( ) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৬.১১.২০২১

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

১৬.১১.২১

উপজেলা নির্বাহী অফিসার
সদর, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/ ৩৮ /পটুয়াখালী-৫৫ তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪২৮ / ১৬ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পটুয়াখালী;
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, পটুয়াখালী;
৪. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৫. পিও টু চেয়ারম্যান/পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

১৬/১১/২১

**মোঃ ওমর ফারুক**
উপ রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

১৬.১১.২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-০৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২০.১৪৫

তারিখ: ২০ আশ্বিন ১৪২৮
০৫ অক্টোবর ২০২১

বিষয়: পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন দক্ষিণ কেওয়াবুনিয়া দাখিল মাদরাসার সুপার মোঃ আলমগীর হোসাইন এর গোপনে ম্যানেজিং কমিটি গঠন ও গোপনে মিটিং করার বিরুদ্ধে অভিযোগ ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জনাব মো: হুমায়ুন কবির হাওলাদার, প্রতিষ্ঠাতা ম্যানেজিং কমিটির সদস্য, দক্ষিণ কেওয়াবুনিয়া দাখিল মাদরাসা ও এস.এস.সি ভোকেশনাল ইনস্টিটিউট, পটুয়াখালী সদর, পটুয়াখালী হতে প্রাপ্ত পত্রে পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন দক্ষিণ কেওবুনিয়া দাখিল মাদরাসার সুপার মোঃ আলমগীর হোসাইন এর বিরুদ্ধে অনৈতিক কর্মকান্ড ও দুর্নীতির বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে।

এমতাবস্থায়, পত্রের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৫-১০-২০২১
মোছাঃ শাহনাজ মিথুন মুন্নী
সিনিয়র সহকারী সচিব

বিতরণ :
১) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদরাসা শিক্ষা অধিদপ্তর
২) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২০.১৪৫/১(২)

তারিখ: ২০ আশ্বিন ১৪২৮
০৫ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২) ব্যক্তিগত কর্মকর্তা, মাদ্রাসা অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৫-১০-২০২১
মোছাঃ শাহনাজ মিথুন মুন্নী
সিনিয়র সহকারী সচিব

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
রেজিস্ট্রার

বরাবর,
সচিব মহোদয়
শিক্ষা মন্ত্রনালয়
গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন দক্ষিন কেওয়াবুনিয়া দাখিল মাদরাসার সুপার মোঃ আলমগীর হোসাইন গোপনে ম্যানেজিং কমিটি গঠন ও গোপনে মিটিং করার বিরুদ্ধে অভিযোগ ও আইনানুগ ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।

মহোদয়,

যথাযথ সম্মানপূর্বক নিবেদন এই যে, পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন দক্ষিন কেওয়াবুনিয়া দাখিল মাদরাসা ও এস.এস.সি ভোকেশনাল ইন্স.এর সুপার মোঃ আলমগির হোসাইন অত্র মাদরাসায় নিয়োগ প্রাপ্ত হওয়ার পর থেকে একের পর এক অনিয়ম দুনীর্তি জাল-জালিয়াতি কার্যক্রম চালিয়ে যাচ্ছে। যাহা নিম্নরুপ:

১। বিগত ২৫/৭/২০০২ইং তারিখ ভোকেশনাল শাখায় ০৪ (চারজন) ল্যাব এসিস্ট্যান্ট পদে যাদের সকল সনদ সৃষ্টি/নিজ হাতে ভাক্ত/ লিখে তৈরি করে নিয়োগ দেন, যাহাতে সমস্ত রেজুলেশনে কমিটির সদস্যদের স্বাক্ষর জাল করে দিয়ে নিয়োগ পত্র দিয়ে, যোগদান গ্রহন করে এমপিওভুক্ত করান। ক. মোঃ আলমগীর হোসেন খ. নাসির উদ্দিন গ. মোঃ আল- মামুন ঘ. মোসাঃ রাজিয়া বেগম। যাহা পরবর্তীতে আমাদের নজরে আসলে সুপার সাহেবকে জিজ্ঞাসা করলে সে বলেন সবকিছু ঠিক আছে কোন চিন্তা করবেনা। পরবর্তীতে শিক্ষা মন্ত্রনালয় অভিযোগ দিলে এবং সাংবাদিক সম্মোলন করলে পরিদর্শন ও নিরীক্ষা অদিদপ্তর শিক্ষা মন্ত্রনালয় স্বারক নং -ডিআইএ/পটুয়াখালী/৬১-এম/খুলনা ৩৫২ তারিখ ১৪/০৮/২০০৮ ইং পরিদর্শনে যাহা প্রমাণিত হয় এবং উক্ত ০৪ জন ল্যাব সহকারীদের চাকুরী স্থায়ী ভাবে বাতিল করে ও সরকার হতে আহরিত অর্থ ৭,৬০,৯৪২/-টাকা সরকারি কোষাগারে ফেরৎ দেওয়ার নির্দেশ দেন(কপি সংযুক্ত)

২. গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শিক্ষামন্ত্রনালয়, শাখা ১৪, স্মারক নং শিম/সা:-১৪/ অনি-২/২০০৫/৪০৮ তারিখ ২২/৭/২০০৯ ইং মর্মে শিক্ষামন্ত্রনালয় আদেশ ক্রমে, উক্ত সুপার কর্তৃক অবৈধ উপায় জাল সনদ দিয়ে নিয়োগ প্রধান করার কারনে সুপারের এমপিও কেন বাতিল করা হবে না মর্মে আদেশ দেন (কপি সংযুক্ত) কিন্তু অদ্যবধি আজ পর্যন্ত কোন টাকা ফেরত দেওয়া বা সুপারের কোন জবাব দেয়া লাগেনি। উক্ত ঘটনার পর হতে আজ অবদি পর্যন্ত অত্র মাদ্রাসার প্রতিষ্ঠাতা ও জমি দাতা সদস্যদের কে কোন ম্যানেজিং কমিটি মিটিং এ দাওয়াত বা নোটিশ করেন না। যাহা রেজুলেশন খাতা প্রত্যক্ষ করলেই প্রমান হইবে। এই ভাবে ২০০৫ইং সন হইতে ২০২১ ইং প্রায় ১৭ বছর যাবত চলছে। ম্যানেজিং কমিটি দাতা প্রতিষ্ঠাতা সদস্য থাকার প্রয়োজন কি? প্রকাশ থাকে যে উক্ত মাদ্রাসার জমি দাতা সদস্য জনাব হাজী জয়নাল আবেদিন হাওলাদার সাহেব প্রায় ৮ একর জমি দান করেন ৫ টি প্রতিষ্ঠানে (কপি সংযুক্ত)।

৩। কখন ম্যানেজিং কমিটি নিবার্চন হয় কে বা কারা সদস্য হয় কোথায় কখন মিটিং হয় কেহই জানে না।(বাড়ি বাড়ি গিয়ে স্বাক্ষর নিয়ে আসেন)এই ভাবে ২০০৫ ইং হইতে ২০২১ইং পর্যন্ত ১৭ জন শিক্ষক কর্মচারী নিয়োগ দিয়ে আসছে। বর্তমানে মাদ্রাসা ও ভোকেশনাল ইনস্টিটিউট মিলে ৩৫ জন স্টাফ আছে অথচ মাদ্রাসা ও ভোকেশনাল মিলে ৭০ ফুট একটি টিন শেড ঘর আছে যাতে বেঞ্চ, টেবিল, চেয়ার কিছুই নাই।

অতএব, মহোদয় সমীপে আবেদন যাহাতে এই অনৈতিক কর্মকান্ড ও দুর্নীতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহনে মহোদয়ের মর্জি হয়।

বিনীত নিবেদক
(মোঃহুমায়ুন কবির হাওলাদার)
প্রতিষ্ঠাতা ম্যানেজিং কমিটির সদস্য
দক্ষিন কেওয়াবুনিয়া দাখিল মাদরাসা
ও এস.এস.সি ভোকেশনাল ইন্স:
পটুয়াখালী সদর, পটুয়াখালী
মোবা: ০১৭১২২৩৬৯৯৫